



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

প্রেস রিলিজ

২০ ডিসেম্বর ২০২৩

বাউবিতে মহান বিজয় দিবস উপলক্ষে ক্রিকেট টুর্নামেন্ট

মহান বিজয় দিবস উপলক্ষে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি কর্তৃক আয়োজিত আজ ২০ ডিসেম্বর ২০২৩ বুধবার মহান বিজয় দিবস শ্রীতি ক্রিকেট ম্যাচ বাউবির গাজীপুরস্থ ক্যাম্পাসের খেলার মাঠে অনুষ্ঠিত হয়। মহান বিজয় দিবস শ্রীতি ক্রিকেট ম্যাচ উদ্বোধন করেন বাউবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার।



বাউবির শিক্ষকদের মধ্যে লাল দল এবং সবুজ দল এ দুটি দলে বিভক্ত হয়ে খেলাটি অনুষ্ঠিত হয়। এ খেলায় সবুজ দল ৯ রানে জয়ী হয়। টসে জিতে লাল দল প্রথমে ফিল্ডিং এর সিদ্ধান্ত নেন। সবুজ দল প্রথমে ব্যাট করে নির্ধারিত ১২ ওভারে ৪ উইকেট হারিয়ে ৯১ রান করেন। লাল দল ৯২ রানের টার্গেটে নেমে ৩ উইকেট হারিয়ে ১২ ওভার খেলে ৮২ রান করে। এ সময় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক মোঃ আনোয়ারুল ইসলাম, সাধারণ সম্পাদক মোঃ আব্দুস সাত্তার এবং বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরামের সভাপতি অধ্যাপক ড. কে এম রেজানুর রহমান ও সাধারণ সম্পাদক ড. মোঃ শহীদুর রহমানসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। লাল দলের অধিনায়ক ছিলেন রেজওয়ানুল আলম এবং সবুজ দলের অধিনায়ক ছিলেন মোঃ মশিউর রহমান। আম্পায়ারের দায়িত্বে ছিলেন মোহাম্মদ মামুনুর রশিদ ও মোঃ শাহিন আলম এবং স্কোর গণনার দায়িত্বে ছিলেন মোঃ আনোয়ারুল ইসলাম ও ড. মোহাম্মদ জাফর আহমেদ। ধারা বর্ণনায় ছিলেন মোঃ তাজুল ইসলাম।

স্বাক্ষর

(ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)